

প্রথম আলো

৯ অক্টোবর ২০২৪, ২৪ আশ্বিন ১৪৩১ •

সাউথইস্ট ব্যাংকের নতুন ভাইস চেয়ারপারসন

বিশিষ্ট নারী উদ্যোক্তা
রেহানা রহমান সাউথইস্ট
ব্যাংকের ভাইস
চেয়ারপারসন নির্বাচিত
হয়েছেন। গতকাল
মঙ্গলবার পরিচালনা
পর্ষদের ৭৪৪তম সভায়
সর্বসম্মতিক্রমে তাঁকে
নির্বাচিত করা হয়। তিনি



রেহানা রহমান

বেঙ্গল ট্রেডওয়েজ
লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক এবং
সিএইচবি বিল্ডিং টেকনোলজিস ও বাংলাদেশ
চেম্বার অব ইন্ডাস্ট্রিজের (বিসিআই) পরিচালক।
রেহানা রহমান বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক
সংগঠনে সক্রিয়ভাবে সম্পৃক্ত রয়েছেন। তিনি
নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ)
প্রতিষ্ঠাতা সদস্য ও সাবেক চেয়ারপারসন। এ
ছাড়া তিনি ইউনাইটেড নেশনস
অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের সদস্য ও
বাংলাদেশ নারী উদ্যোক্তা সমিতির সভাপতি।
তিনি গুলশান ক্লাব, বনানী ক্লাব, বোট ক্লাব,
পূর্বাচল ক্লাব, বারিধারা ডিপ্লোমেটিক এনক্লেভ
ক্লাব ও বাংলাদেশ-ইন্ডিয়া ফ্রেন্ডশিপ ক্লাবের
সদস্য। রেহানা রহমান ইডেন বিশ্ববিদ্যালয়
কলেজ থেকে অর্থনীতিতে বিএ (সম্মান) ডিগ্রি
অর্জন করেন। **বিজ্ঞপ্তি**

